গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**পানি সম্পদ মন্ত্রণালয়ের ফেব্রুয়ারি ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | নাজমুল আহসান<br>সচিব |
| সভার তারিখ | **২৫ মার্চ ২০২৫** |
| সভার সময় | **দুপুর ০২.০০ ঘটিকা** |
| স্থান | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন। | সভায় জানুয়ারি ২০২৫ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে উপস্থাপনের অনুরোধ করা হয়। কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় জানুয়ারি ২০২৫ মাসের কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হ'ল। | প্রশাসন-০২ শাখা, পাসম। |
| ২. | জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি। | সভায় জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। | (ক) জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দ্রুত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>(খ) অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রতিমাসে জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা করবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন), মহাপরিচালক, বাপাউবো, উপসচিব (পরিবীক্ষণ ও বাস্তবায়ন শাখা)। |
| ৩. | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি। | যুগ্মসচিব (রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট) সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের হালনাগাদ তথ্য সভায় উপস্থাপন করেন। | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে কার্যকর উদ্যোগ নিতে হবে। | যুগ্মসচিব (রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট) ও সকল সংস্থা প্রধান। |
| ৪. | মন্ত্রণালয়ের বার্ষিক কার্য সম্পাদন চুক্তি। | সভায় ২০২৪-২৫ অর্থবছরের এপিএ-এর লক্ষমাত্রা অর্জনের জন্য মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের কার্যাবলি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী এপিএ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সকল সংস্থার প্রধানকে অনুরোধ করা হয়। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ প্রোগ্রামার, পাসম ও সকল সংস্থা প্রধান। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) ও ডেল্টা প্ল্যান (Delta Plan-2100) এর বাস্তবায়ন অগ্রগতি। | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) ও ডেল্টা প্ল্যান-২১০০ (Delta Plan-2100) বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় আলোচনা করা হয়। | টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) ও ডেল্টা প্ল্যান-২১০০ (Delta Plan-2100) সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা প্রতি সভায় SDG ও Delta Plan বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করবেন। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা (SDG & Delta plan-2100) ও সকল সংস্থা। |
| ৬. | মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ডি-ফাইলিং, প্রকল্পের তথ্য ওয়েবসাইটে প্রকাশ এবং অন্যান্য আইসিটি বিষয়ক কার্যক্রম। | (ক) সভায় মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ডি-নথির সম্পাদিত কার্যক্রম নিয়ে আলোচনা হয়।<br>(খ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডসহ সকল সংস্থার ওয়েবসাইটে প্রদর্শিত প্রকল্পের তথ্যের সঠিকতা নিশ্চিতকরণ, সাইবার হুমকি মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা করা হয়।<br>(গ) Report Management System (RMS) এর কার্যক্রম নিয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) ফেব্রুয়ারি ২০২৫ মাসে পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল শাখার ডি-নথিতে নিষ্পত্তির হার ১০০%; যা অব্যাহত রাখতে হবে। সংস্থাসমূহের ডি-নথির কার্যক্রম বৃদ্ধি এবং তুলনামূলক চিত্র প্রত্যেক সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) সংস্থাসমূহের ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য নিয়মিত হালনাগাদ এবং সঠিকতা নিশ্চিত করতে হবে। সাইবার হুমকি মোকাবেলায় সকল সংস্থা/দপ্তর সংশ্লিষ্টদের প্রশিক্ষণসহ অপরাপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>( গ) সকল সংস্থা-কে নিয়মিতভাবে চাহিত তথ্যাদি প্রেরণের জন্য Report Management System (RMS) ব্যবহারের জন্য অনুরোধ করা হয়। | সকল সংস্থা প্রধান/ যুগ্মসচিব(উন্নয়ন-১ অধিশাখা)/ সকল অধিশাখা/শাখা, পাসম। |
| ৭. | সংস্থাসমূহের শূন্য পদ সংক্রান্ত তথ্য, শূন্য পদ পূরণ ও মাসিক সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ। | সভায় সংস্থাসমূহের পদভিত্তিক শূন্য পদ ও শূন্য পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সংস্থাভিত্তিক শূন্য পদের তথ্য ও পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রমের তথ্যসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রতি মাসের সমন্বয় সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | সংস্থাসমূহের শূন্য পদের তথ্য ও পদসমূহ পূরণে গৃহীত কার্যক্রমের অগ্রগতির তথ্যসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রতিমাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে এবং সকল নিয়োগ, পদোন্নতি যথাযথ প্রক্রিয়া মেনে দ্রুত ও স্বচ্ছতার সাথে সম্পন্ন করতে হবে। | সকল সংস্থা প্রধান ও প্রশাসন-২ শাখা, পাসম। |
| ৮. | উন্নয়ন প্রকল্প ও আপদকালীন কার্যক্রম পরিদর্শন। | সভায় প্রকল্প পরিদর্শন সংক্রান্ত বিস্তারিত তথ্য উপস্থাপন করা হয়। | মন্ত্রণালয় এবং বোর্ডের কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিতভাবে উন্নয়ন প্রকল্প এবং আপদকালীন কার্যক্রম পরিদর্শন করতে হবে। মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ কর্তৃক আপদকালীন কাজের পরিদর্শন প্রতিবেদন ৩০ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে দাখিল করতে হবে। | সকল কর্মকর্তা, পাসম ও মহাপরিচালক, বাপাউবো। |
| ৯. | হাওর অঞ্চল সুরক্ষা। | সভায় Amar Hoar ডাটাবেসের তথ্য এবং এ বিষয়ক website হালনাগাদ করণের বিষয়ে আলোচনা করা হয়। | Amar Hoar ডাটাবেসের তথ্য হালনাগাদ এবং স্থানীয়ভাবে কার্যকারিতার সর্বশেষ অবস্থা আগামী সভায় উপস্থাপন করতে হবে। | বাপাউবো ও বাহাওজউঅ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | অডিট | (ক) সভায় অডিট আপত্তিসমূহ নিয়ে আলোচনা হয়। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির স্বার্থে প্রতিমাসে অতিরিক্ত সচিব (প্রশাসন) এঁর সভাপতিত্বে সভা করে সমন্বয় সভায় অগ্রগতি উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।<br><br>(খ) প্রতিমাসে ন্যূনতম ২টি ত্রিপক্ষীয় সভা আহ্বান করার উদ্যোগ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।<br><br>(গ) অর্থ বিভাগের নির্দেশনার আলোকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে Audit Firm নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়।<br><br>(ঘ) অডিট আপত্তির বিষয়ে Database এবং Action Plan তৈরি করে হালনাগাদ তথ্য অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়। | (ক) অডিট আপত্তিসমূহ নিয়ে আলোচনা হয়। অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির স্বার্থে প্রতিমাসে অতিরিক্ত সচিব (প্রশাসন) এঁর সভাপতিত্বে সভা করে সমন্বয় সভায় অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br><br>(খ) প্রতিমাসে ন্যূনতম ২টি ত্রিপক্ষীয় সভা আহ্বান করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>(গ) অর্থ বিভাগের নির্দেশনার আলোকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে Audit Firm নিয়োগ করে দ্রুত Audit সম্পন্ন করতে হবে।<br>(ঘ) অডিট আপত্তির বিষয়ে Database এবং Action Plan তৈরি করে হালনাগাদ তথ্য অন্তর্ভুক্ত করতে হবে। | যুগ্মসচিব (বাজেট ও অডিট) এবং সকল সংস্থা। |
| ১১. | সংস্থাসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য | (ক) সভায় সংস্থাসমূহের বিভাগীয় মামলা নিয়ে বিস্তারিত আলোচনা হয়।<br><br>(খ) বিভাগীয় মামলার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে আপিল করা হলে সেগুলোর তথ্য আলাদাভাবে সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়।<br>(গ) সভায় বিভাগীয় মামলায় শাস্তির বিষয়টি বিস্তারিতভাবে উল্লেখ করার বিষয়ে আলোচনা হয়। | (ক) সংস্থাসমূহের অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার হালনাগাদ তথ্য আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) বিভাগীয় মামলার বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে আপিল করা হলে সেগুলোর তথ্য আলাদাভাবে সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(গ) বিভাগীয় মামলায় শাস্তির বিষয়টি বিস্তারিতভাবে উল্লেখ করতে হবে। অপরাধ প্রমানিত হলে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে হবে। | সকল সংস্থা প্রধান এবং আইন শাখা, পাসম। |
| ১২. | সংস্থাসমূহের মামলা সংক্রান্ত। | সভায় মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের মামলা সংক্রান্ত বিস্তারিত তথ্য উপস্থাপন করা হয়। সভায় প্রতিমাসের সমন্বয় সভায় পূর্ববর্তী মাসের মামলার সংখ্যা, নতুন মামলা, মামলার ধরণ, নিষ্পত্তির পরিমাণের সাথে প্রতিবেদনাধীন মাসের তুলনামূলক চিত্র উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়। | (ক) প্রতিমাসের সমন্বয় সভায় পূর্ববর্তী মাসের মামলার সংখ্যা, নতুন মামলা, মামলার ধরণ, নিষ্পত্তির পরিমাণের সাথে প্রতিবেদনাধীন মাসের তুলনামূলক চিত্র উপস্থাপন করতে হবে।<br><br>(খ) মামলা নিষ্পত্তি বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৬-০৩-২০২৫ তারিখের ৪৯ নং স্মারকে উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিচালনা পরিবীক্ষণ কমিটি'র ৮ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের আলোকে কার্যকর ব্যবস্থা নিতে হবে। | সকল সংস্থা প্রধান এবং আইন শাখা/ বাজেট শাখা, পাসম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর বিধি মোতাবেক প্রকল্পের ইকুপমেন্ট/গাড়ী ব্যবহার/হস্তান্তর। | সভায় **উন্নয়ন** প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী বিধিমোতাবেক হস্তান্তর/দ্রুত টিওএন্ডই-তে অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। | উন্নয়ন প্রকল্পের আওতায় ক্রয়কৃত গাড়ী বিধিমোতাবেক হস্তান্তর/ দ্রুত টিওএন্ডই-তে অন্তর্ভূক্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল সংস্থা প্রধান এবং উন্নয়ন ও পরিকল্পনা উইং, প্রশাসন-১ শাখা পাসম। |
| ১৪. | **পানি সম্পদ মন্ত্রণালয়ের ম্যান্ডেট পরিবর্তন সংক্রান্ত।** | মন্ত্রণালয়ের ম্যান্ডেট হালনাগাদ ও গঠিত কমিটি পুনর্গঠন বিষয়ে আলোচনা করা হয়। | পানি সম্পদ মন্ত্রণালয়ের ম্যান্ডেট হালনাগাদকরণের জন্য কমিটি পুনর্গঠন করা হয়েছে। | RM&PR ইউনিট। |
| ১৫. | বিবিধ | | | |
| | (ক) বিদ্যুৎ ও এসি ব্যবহারসহ সর্বস্তরে অপচয় রোধ। | সভায় বিদ্যুৎ ও এসি ব্যবহার এবং সর্বস্তরে অপচয় রোধ নিয়ে আলোচনা হয়। | বিদ্যুৎ ও এসি ব্যবহারে মন্ত্রণালয়সহ সকল সংস্থাকে অধিকতর সাশ্রয়ী হতে হবে ও শীতাতপনিয়ন্ত্রণ যন্ত্রের (এসি) তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াস বা এর ওপর রাখতে হবে এবং তুলনামূলক বিদ্যুৎ সাশ্রয়ের প্রমাণক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে এবং অন্যান্য সকল ক্ষেত্রে অপচয় রোধ করতে হবে। | সকল সংস্থা ও সকল অধিশাখা/শাখা, পাসম। |
| | (খ) সংস্থাসমূহের জমি সংক্রান্ত তথ্য। | **সভায় বাপাউবো'র জেলা ভিত্তিক জমির তথ্য সংক্রান্ত ডাটাবেস তৈরি, অবৈধ দখল, অবৈধ দখল উচ্ছেদ ও নামজারি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।** | i. **প্রতিমাসের সমন্বয় সভায় বাপাউবো'র জেলা ভিত্তিক ব্যবহৃত/অব্যবহৃত জমির তথ্য, অবৈধ দখল এবং অবৈধ দখল উচ্ছেদ সংক্রান্ত হালনাগাদ তথ্য উপস্থাপন করতে হবে।**<br>ii. **জেলাভিত্তিক জমির তথ্য ডাটাবেসে অন্তর্ভুক্ত করার হালনাগাদ তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।**<br>iii. আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে বাপাউবো'র অধিগ্রহণকৃত জমির নামজারির কাজ সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | মহাপরিচালক বাপাউবো ও |
| | (গ) মন্ত্রণালয়ের অফিস পরিদর্শন। | সভায় সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুচ্ছেদ ১৯৪ অনুযায়ী মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা যার যার অধিক্ষেত্রে পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন মর্মে আলোচনা হয়। | **সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুচ্ছেদ ১৯৪ অনুযায়ী অধিশাখা/শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন প্রশাসন-২ শাখার প্রেরণ করতে হবে।** | সকল কর্মকর্তা পাসম। |
| | (ঘ) অফিসে সর্তকতা অবলম্বন সংক্রান্ত। | অফিসে অগ্নিনির্বাপক যন্ত্র স্থাপনসহ আগুন বা চুরি প্রতিরোধকল্পে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | অফিসে অগ্নিনির্বাপক যন্ত্র স্থাপনসহ আগুন বা চুরি প্রতিরোধকল্পে মন্ত্রণালয় ও সকল সংস্থা-কে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন-২/৩ শাখা, পাসম ও সংস্থা প্রধান |

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫-০৪-২০২৫
নাজমুল আহসান
সচিব
২২৩৩৫৬৭৭৩

২ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ: ১৫ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.০৬.০০৬৪.১৭.২৩৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, পরিকল্পনা অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
৪। প্রথম শ্রেণীর কর্মকর্তা (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।।
৫। সংস্থা প্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।।
৬। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীন রোড, ঢাকা।।
৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর) মনিটরিং এর দপ্তর,বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীন রোড, ঢাকা।।
৮। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৯। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।।
১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।



১৬-০৪-২০২৫
সুজিত হাওলাদার
উপসচিব